# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 17.04.24** **Time: 07.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রথম দফার লোকসভা নির্বাচনের প্রচার আজ বিকেলে শেষ হয়েছে। এই দফায় শুক্রবার ভোট নেওয়া হবে কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার কেন্দ্রে।

২) ভোট প্রক্রিয়া সরেজমিনে দেখতে রাজ্যপাল সি ভি আনন্দ বোস, আগামীকাল কোচবিহার যাওয়ার পরিকল্পনা করলেও নির্বাচন কমিশন, তাঁকে এই সফর না করার অনুরোধ জানিয়েছে।

৩) ১০ টি প্রতিশ্রুতিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর শপথ হিসাবে তুলে ধরে তৃণমূল কংগ্রেস আজ নির্বাচনী ইস্তেহার প্রকাশ করেছে।

৪) পুলিশ প্রশাসনের কড়া নজরদারির মধ্যে রাজ্যে আজ বিপুল উৎসাহ উদ্দীপনায় পালিত হচ্ছে রামনবমী।

৫) সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে রাজ্যপাল, ছটি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ করেছেন।

৬) দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি।

---

প্রথম দফার লোকসভা নির্বাচনের প্রচার আজ বিকেলে শেষ হয়েছে। প্রথম দফায় আগামী শুক্রবার ১৯ শে এপ্রিল দেশের ১৭ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১০২ টি আসনে ভোট নেওয়া হবে। এর মধ্যে রয়েছে উত্তরবঙ্গের তিনটি আসন - কোচবিহার, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার। সকাল সাতটায় ভোট শুরু হয়ে চলবে সন্ধ্যা ৬ পর্যন্ত।

ভোটগ্রহণ অবাধ ও শান্তিপূর্ণ রাখতে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকছে। সব বুথে থাকছে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা। তবে আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ির প্রত্যন্ত এলাকার কয়েকটি বুথে ইন্টারনেট সংযোগ না থাকায় সেখানে মাইক্রো অবজার্ভার থাকবেন। ভোট প্রক্রিয়ার ভিডিওগ্রাফি করবেন তাঁরা। তিন কেন্দ্র মিলিয়ে ভোটার সংখ্যা ৫ কোটি ১১ লক্ষের বেশি।

----------------------

কোচবিহার থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে নিশ্ছিদ্র নিরাপত্তার ব্যবসল্থা করেছে নির্বাচন কমিশন। ১১২ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি থাকবে প্রায় ৫ হাজার রাজ্য পুলিশ। কোনো অভিযোগ এলে দ্রুত যাতে সেখানে পৌঁছনো যায়, সেব্যাপারে সতর্ক কমিশন।

----------------------

রাজ্যে প্রথম দফার লোকসভা ভোটের দিন রাজ্যপাল সিভি আনন্দ বোস কোচবিহারে থাকবেন। আগামীকাল সকালেই বায়ুসেনার হেলিকপ্টারে কোচবিহার রওনা হচ্ছেন তিনি। শুক্রবার সকাল থেকে রাজ্যপাল সরেজমিনে ভোট প্রক্রিয়া খতিয়ে দেখবেন বলে রাজভবন সূত্রে জানা গেছে। কথা বলবেন পুলিশ প্রশাসনের সঙ্গে। রাজভবনের লোগ সভা পোর্টালে নতুন করে কোনও অভিযোগ এলে সেগুলির সমাধানেও

উদ্যোগ নেবেন। ১৯ তারিখ সন্ধ্যায় তাঁর কলকাতায় ফেরার কথা । আজ হাওড়ায় জিটি রোডে যান রাজ্যপাল। গত বছর রামনবমীর দিন যেসব এলাকায় অশান্তি হয়, সেইসব জায়গার মানুষের সঙ্গে বর্তমান পরিস্থিতি নিয়ে কথা বলেন সি ভি আনন্দ বোস।

---------------------

এদিকে নির্বাচন কমিশন, রাজ্যপালকে কোচবিহার না যাওয়ার অনুরোধ জানিয়ে চিঠি পাঠিয়েছ। কমিশনের বক্তব্য, প্রোটোকল অনুযায়ী রাজ্যপাল জেলা সফরে গেলে তাঁকে অভ্যর্থনা করে থাকেন জেলাশাসক ও প্রশাসনের পদাধিকারীরা। কিন্তু নির্বাচনের সময় ভোটের কাজে তারা ব্যস্ত থাকবেন। তাই রাজ্যপালকে কমিশন, এই সময় কোচবিহার সফর না করার পরামর্শ দিয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে।

---------------------

নির্বাচন কমিশনের কাছে তৃণমূল কংগ্রেস নেতা, উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহকে ভোটের দিন গৃহবন্দি করে রাখার দাবি জানালো বিজেপি। আজ সাংবাদিক বৈঠক করে দলের নাটাবাড়ি কেন্দ্রের বিধায়ক মিহির গোস্বামী জানান, ১৫ ই এপ্রিল কমিশনের কাছে এই দাবি জানিয়েছেন, কোচবিহারের বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক।

বাইট

উদয়ন গুহর নেতৃত্বে দিনহাটায় সন্ত্রাস চলছে বলে অভিযোগ করে, ভোটের দিন তিনি যাতে নিজের বুথের বাইরে না যেতে পারেন, কমিশনের কাছে সেই দাবি জানিয়েছেন বিজেপি প্রার্থী।

যদিও উদয়ন গুহের দাবি, ভয় পেয়েই নিশীথ মিথ্যা অভিযোগ করছেন।

বাইট

এদিকে, ভোটের আগে আজ ফের উত্তপ্ত কোচবিহার। দিনহাটার ভেটাগুড়িতে তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে প্রচার গাড়িতে হামলা ও ভাঙচুর চালানোর অভিযোগ উঠেছে বিজেপির বিরুদ্ধে। এই ঘটনায় একজন আহত হয়েছেন। যদিও অভিযোগ অস্বীকার করেছে বিজেপি। গতরাতে শীতলকুচিতে তৃণমূলের একটি অস্থায়ী কার্যালয়ে আগুন ধরিয়ে দেওয়ারও অভিযোগ ওঠে বিজেপির বিরুদ্ধে।

--------------------

কোচবিহারে নির্বাচনী প্রচার সভায় রামনবমীর শোভাযাত্রা নিয়ে কটুক্তির অভিযোগে আজ মেদিনীপুরের কোতোয়ালি থানায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে এফআইআর দায়ের করেছেন বিজেপি প্রার্থী অগ্নিমিত্রা পাল। এই অভিযোগ দায়েরকে কেন্দ্র করে আজ ধুন্ধুমার কান্ড বাধে। অগ্নিমিত্রা পালের দাবি, থানার কর্তব্যরত আধিকারিক তাঁর অভিযোগ গ্রহণ করে প্রাপ্তি স্বীকার করতে অস্বীকার করেন।

--------------------

বিজেপি, তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরুদ্ধে নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগ জানিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে জানান, সম্প্রতি মুখ্যমন্ত্রী জলপাইগুড়ির ময়নাগুড়িতে এক জনসভায় তার বক্তব্যের মাধ্যমে ভোটদাতাদের উত্তেজিত করার চেষ্টা করেছেন। পাশাপাশি মুখ্যমন্ত্রীর বক্তব্যে ভোট পরবর্তী হিংসার প্রচ্ছন্ন ইঙ্গিত রয়েছে। বারবার এই

ধরনের উস্কানিমূলক বক্তব্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন শ্রী বাজোরিয়া।

বাইট

প্রতিবাদে দলীয় কর্মী সমর্থকদের নিয়ে থানার সামনেই প্রধান সড়কের ওপর বিক্ষোভ অবস্থানে বসেন তিনি। থানার গেটে তালা লাগিয়ে দেওয়া হয়। পরে আইসি সেখানে পৌঁছলে দুপক্ষের বাগবিতন্ডায় পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। কর্তৃপক্ষ পরে শ্রীমতি পালের অভিযোগ নিলে অবরোধ ওঠে।

---------------------

ঝাড়গ্রাম লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী প্রনত টুডুর ওপর হামলার ঘটনা নিয়ে বিজেপি, নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে লেখা চিঠিতে দল বলেছে, সাঁকরাইল থানা এলাকার রোহনী গ্রামে গতকাল একদল দুষ্কৃতি, ডক্টর টুডুর গাড়ি লক্ষ্য করে প্রথমে  ইট-পাথর ছোঁড়ে। এরপর বাঁশ-লাঠি দিয়ে তাঁকে মারধোর করা হয়। আদিবাসী পরিচয় নিয়ে গালিগালাজ করা হয় তাঁকে। দুষ্কৃতিরা তৃনমূল কংগ্রেস আশ্রিত বলে অভিযোগ করে কমিশনকে এব্যাপারে যথাযথ পদক্ষেপ করার আবেদন জানিয়েছে বিজেপি।

আগেই জানানো হয়েছে, গতকাল  সাঁকরাইল ব্লকের বিভিন্ন এলাকায় ভোটের প্রচার চালানোর সময় প্রনত টুডুর ওপর আক্রমণের এই ঘটনা ঘটে বলে অভিযোগ।

---------------------

এনআরসি ও সিএএ-কে নরেন্দ্র মোদী এবং মমতা ব্যানার্জী ভোটের হাতিয়ার হিসাবে ব্যবহার করছেন বলে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ

করেছেন। মালদার চাঁচোলে আজ এক নির্বাচনী জনসভায় তিনি ভাষণ দিচ্ছিলেন। মালদা উত্তরে বাম সমর্থিত কংগ্রেস প্রার্থী মুস্তাক আলমের সমর্থনে আয়োজিত এই জনসভায় উপস্থিত ছিলেন দুটি দলেরও নেতৃবৃন্দ।

---------------------

এমজিনারেগার জবকার্ডধারীদের একশো দিনের কাজের গ্যারান্টি ও তাদের দৈনিক মজুরী ৪০০ টাকা করা, দারিদ্র সীমার নীচে থাকা প্রত্যেক পরিবারকে বিনামূল্যে বছরে ১০ টি গ্যাস সিলিন্ডার দেওয়া সহ ১০ টি প্রতিশ্রুতিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর শপথ হিসাবে তুলে ধরে তৃণমূল কংগ্রেস আজ নির্বাচনী ইস্তেহার প্রকাশ করেছে। প্রথম দফার ভোটের মাত্র দুদিন আগে এই ইস্তেহার প্রকাশ করা হল। আজ কলকাতায় তৃণমূল ভবনে ইস্তেহারের মূল বিষয়গুলি সাংবাদিকদের সামনে তুলে ধরেন রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী অমিত মিত্র।

বাইট

রাজ্যসভার সাংসদ ডেরেক ওব্রায়েন এবং মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্যও সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন।

---------------------

এমজিনারেগার জবকার্ডধারীদের একশো দিনের কাজের গ্যারান্টি ও তাদের দৈনিক মজুরী ৪০০ টাকা করা, দারিদ্র সীমার নীচে থাকা প্রত্যেক পরিবারকে বিনামূল্যে বছরে ১০ টি গ্যাস সিলিন্ডার দেওয়া সহ ১০ টি প্রতিশ্রুতিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর শপথ হিসাবে তুলে ধরে তৃণমূল কংগ্রেস আজ নির্বাচনী ইস্তেহার প্রকাশ করেছে। প্রথম দফার ভোটের মাত্র দুদিন আগে এই ইস্তেহার প্রকাশ করা হল। আজ কলকাতায়

তৃণমূল ভবনে ইস্তেহারের মূল বিষয়গুলি সাংবাদিকদের সামনে তুলে ধরেন রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী অমিত মিত্র।

বাইট

রাজ্যসভার সাংসদ ডেরেক ওব্রায়েন এবং মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্যও সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন।

---------------------

উত্তর ২৪ পরগণার বারাসাতের বিদায়ী সাংসদ, তৃণমূল কংগ্রেস প্রার্থী ডঃ কাকলি ঘোষ দস্তিদার, আজ দুর্ঘটনার কবলে পড়েন। মধ্যমগ্রামের দিঘবেরিয়ায় নিজের বাড়ি থেকে বেরিয়ে পার্টি অফিস যাওয়ার পথে একটি গাড়ি দ্রুত গতিতে এসে তাঁর গাড়িতে ধাক্কা মারে এবং তাতে তিনি মাথায় চোট পান বলে নিজেই জানিয়েছেন প্রার্থী। বারাসাত জেলা হাসপাতালে তাঁর মাথায় সিটি স্ক্যান এবং পায়ে এক্স রে করা হয়। এটি নিছকই দুর্ঘটনা, নাকি অন্য কিছু তা খতিয়ে দেখছে পুলিশ। একজনকে আটক করা হয়েছে বলে খবর।

---------------------

পুলিশ প্রশাসনের কড়া নজরদারির মধ্যে রাজ্যে বিপুল উৎসাহ-উদ্দীপনায় আজ রামনবমী পালিত হচ্ছে। কলকাতার উপকণ্ঠে নিউটাউনে রামনবমীর বর্নাঢ্য শোভাযাত্রার সূচনা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট, গঙ্গারামপুর, বুনিয়াদপুর সহ বিভিন্ন এলাকায় এই উপলক্ষ্যে শোভাযাত্রা ও বাইক র‍্যালি হয়। শোভাযাত্রায় পা মেলান বালুরঘাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী সুকান্ত মজুমদার।

বর্ধমান-দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ, আসানসোলের বিজেপি প্রার্থী এস এস আহলুওয়ালিয়াও রামনবমীর শোভাযাত্রায় যোগ দেন।

ঘাটালে শোভাযাত্রায় অংশ নেন তৃনমূল কংগ্রেস প্রার্থী দেব এবং বিজেপি প্রার্থী হিরণ। বনগাঁয় তৃণমূল শ্রমিক সংগঠনের রামনবমীর মিছিলে হাঁটতে দেখা যায় তৃণমূল প্রার্থী বিশ্বজিত্ দাসকে।

মালদা শহরে দক্ষিণ মালদার বিজেপি প্রার্থী শ্রীরূপা মিত্র চৌধুরী, শিউড়িতে বীরভূমের তৃনমূল প্রার্থী শতাব্দি রায় , হাওড়ায় তৃনমূল প্রার্থী প্রসূন ব্যানার্জি ও বিজেপির রথীন চক্রবর্তীকেও শোভাযাত্রায় পা মেলাতে দেখা যায়। হাইকোর্টের নিষেধ সত্ত্বেও কয়েকটি জায়গায় অস্ত্র নিয়ে মিছিলে বিতর্ক শুরু হয়।

শিলিগুড়িতে চোখে পড়েছে এক বিরল সৌজন্যের ছবি। দার্জিলিং-এর বিজেপি প্রার্থী রাজু বিস্ত ও তৃনমূল কংগ্রেসের জেলা সভাপতি পাপিয়া ঘোষ রামনবমীর মিছিলে কিছুক্ষণ একসঙ্গে হাঁটেন।

অন্যদিকে, পুলিশ মিছিল আটকে দেওয়ায় বীরভূমের মুরারই-এ ধর্নায় বসেন বিজেপি প্রার্থী দেবাশিস ধর।

---------------------

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রাম নবমী পালনের অনুমতি দিয়েও তা প্রত্যাহার করা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের তরফে প্রথমে একদল পড়ুয়াকে বেলা ১১ টা থেকে দুপুর ২টো পর্যন্ত এই উৎসব পালনের অনুমতি

দেওয়া হয়। কিন্তু গতকাল রেজিস্ট্রার এক বিজ্ঞপ্তিতে নির্বাচন আচরণ বিধি বলবত্ থাকা সহ একাধিক কারণ দেখিয়ে সেই অনুমতি প্রত্যাহার করে নেওয়ার কথা জানান।

এর বিরুদ্ধে বিজেপি, আদালতের দ্বারস্থ হবে বলে দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য জানিয়েছেন। আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, সারা দেশে আজ রাম নবমী পালিত হচ্ছে। কোন্ যুক্তিতে বা কাদের অঙ্গুলিহেলনে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তা পালনের অনুমতি দিয়েও প্রত্যাহার করা হল, তার জবাব রেজিস্ট্রারকে আদালতে দিতে হবে।

---------------------

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে আচার্য তথা রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যের ছটি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ করেছেন। রাজ্য সরকারের পাঠানো তালিকা থেকে বেছে নিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী উপাচার্য হিসাবে ভাস্কর গুপ্তকে দায়িত্ব দেওয়া হয়েছে বলে সরকারি সূত্রে জানা গিয়েছে।

এছাড়া পবিত্র চট্টোপাধ্যায়কে গৌড়বঙ্গ, প্রেম পোদ্দারকে দার্জিলিং হিল, অমিয় কুমার পান্ডাকে ঝাড়গ্রামের সাধুরাম মূর্মূ, তপন কুমার বিশ্বাসকে ঠাকুরনগরের হরিচাঁদ গুরুচাঁদ ও আশুতোষ ঘোষকে রাণি রাসমনি গ্রিন ইউনিভার্সিটির অস্থায়ী উপাচার্য পদে নিযুক্ত দায়িত্ব করা হয়েছে।

---------------------

দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আগামী রবিবার পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আলিপুর আবহাওয়া দপ্তর। আগামী দুদিন সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের তিন থেকে পাঁচ ডিগ্রী ওপরে থাকার সম্ভাবনা। কলকাতায় আজ সর্বোচ্চ চাপমাত্রা ৩৯

দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চার ডিগ্রি ওপরে। সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের চেয়ে তিন ডিগ্রি বেশি ২৯ দশমিক ৫ ডিগ্রি সেলিসয়াস।

---------------------- ----------------------